# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

### Bengali Text Bulletin

**Date 09-03-2026** **Time: 7.35 AM**

---

**বিশেষ বিশেষ খবরঃ-**

১) আসন্ন বিধানসভা ভোটের প্রস্তুতি খতিয়ে দেখতে রাজ্য সফর করছে নির্বাচন কমিশনের পূর্ণাঙ্গ বেঞ্চ। গতকালের পর আজও তাদের একগুচ্ছ কর্মসূচী রয়েছে।

মুখ্য নির্বাচন কমিশনারকে কালো পতাকা দেখানোর নিন্দা করেছে বিজেপি।

২) পশ্চিমবঙ্গে এসআইআর নিয়ে নির্বাচনের কমিশনের বিরুদ্ধে দায়ের হওয়া মামলায় আজ সুপ্রিম কোর্টে ফের শুনানি হবে।

৩) রাজ্যসভায় পশ্চিমবঙ্গ থেকে পাঁচটি আসনে প্রার্থীরা বিনা প্রতিদ্বন্দ্বিতায় জয়ী হয়েছেন।

৪) শিক্ষক নিয়োগের জন্য নবম-দশমের তথ্য যাচাই ও ইন্টারভিউয় এবং একাদশ-দ্বাদশের কাউন্সেলিং ও সুপারিশপত্র দেওয়ার দিনক্ষণ ঘোষণা করেছে স্কুল সার্ভিস কমিশন।

৫) পশ্চিমী ঝঞ্ঝার কারণে আজও আকাশ মেঘলা থাকার সম্ভাবনা।

---

আসন্ন বিধানসভা ভোটের প্রস্তুতি খতিয়ে দেখতে রাজ্য সফর করছে নির্বাচন কমিশনের পূর্ণাঙ্গ বেঞ্চ। গতকালের পর আজও তাদের একগুচ্ছ কর্মসূচী রয়েছে। সকালে মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার বেলুড় মঠ যান। মন্দিরে প্রণাম সেরে গোটা চত্বর ঘুরে দেখেন। কথা বলেন মহারাজদের সঙ্গেও। এরপর তিনি যাবেন দক্ষিণেশ্বর মন্দিরে। একটি প্রতিবেদন –

ভয়েসকাস্ট

এর আগে গতকাল মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমারের নেতৃত্বে একাধিক রাজনৈতিক দল ও আইন বলবৎকারী সংস্থার সঙ্গে দফায় দফায় বৈঠক হয় কমিশনের।

রাজ্যে আসন্ন বিধানসভা নির্বাচন আইন মেনে সম্পূর্ণ নিরপেক্ষ ভাবে সম্পন্ন হবে বলে নির্বাচন কমিশন আশ্বাস দিয়েছে। পাশপাশি এসআইআর প্রক্রিয়াও নিরপেক্ষভাবেই পরিচালিত হচ্ছে বলে কমিশনের দাবি। বৈঠকে কমিশনের পূর্ণাঙ্গ বেঞ্চের তরফে জানানো হয়, ভোটার তালিকা সংশোধনের ক্ষেত্রে নির্দিষ্ট নিয়ম মেনেই কাজ করা হচ্ছে। কোনও নাম বাদ দেওয়া বা নতুন নাম অন্তর্ভুক্ত করার জন্য নির্দিষ্ট তিন ধরনের ফর্ম রয়েছে। যাঁদের নাম তালিকা থেকে বাদ পড়েছে, তাঁরা প্রয়োজনীয় নথি সহ সংশ্লিষ্ট ফর্ম জমা করলেই বিষয়টি পুনর্বিবেচনা করা হবে।

বৈঠকে তিনটি কেন্দ্রীয় সংস্থার কাজকর্ম নিয়ে অসন্তোষ প্রকাশ করেন মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার। রাজ্যের আবগারি দফতরকেও সতর্ক করা হয়েছে বলে কমিশন সূত্রে জানা গেছে। নির্বাচন চলাকালীন মদের উৎপাদন ও বিক্রি যাতে অস্বাভাবিকভাবে না বাড়ে, সে বিষয়ে বিশেষ নজর রাখতে বলা হয়েছে। মূলত

সীমান্তবর্তী জেলাগুলিতে দেশী মদের উৎপাদন ও বিক্রির ওপর কড়া নজরদারির নির্দেশ দেওয়া হয়েছে।

অন্যদিকে, রাজ্যের আধিকারিকদের উদ্দেশে স্পষ্ট বলা হয়েছে, শুধুমাত্র নির্বাচনের আগে নয়, পুরো প্রক্রিয়া জুড়েই কমিশনকে সক্রিয় থাকতে হবে এবং কঠোরভাবে কার্যকর করতে হবে সমস্ত নির্দেশ।

আগেই জানানো হয়েছে, গতকাল রাজনৈতিক দলগুলির সঙ্গে বৈঠকে তৃণমূল কংগ্রেস বাদে প্রায় প্রতিটি দলই এক বা দু-দফায় বিধানসভা ভোট করানোর দাবি জানায়। একইসঙ্গে নির্বাচনী আবহে সবরকম সন্ত্রাস বা হিংসা বন্ধের আবেদনও জানানো হয়েছে কমিশনের কাছে। স্বচ্ছ ও নিরপেক্ষ ভোটগ্রহণ সুনিশ্চিত করতে প্রয়োজনীয় বন্দোবস্ত নেওয়ার দাবিও পেশ করেছেন রাজনৈতিক নেতারা। বৈঠকে বিজেপির পক্ষ থেকে জগন্নাথ চট্টোপাধ্যায়, তাপস রায় এবং শিশির বাজোরিয়া উপস্থিত ছিলেন। বৈঠক শেষে তাপস বাবু সাংবাদিকদের বলেন, বর্তমান শাসকদল ক্ষমতায় আসার পর থেকে সন্ত্রাসের পরিবেশে ভোট হচ্ছে। সেদিকে বিশেষ নজর দেওয়ার জন্য তিনি কমিশনের কাছে আবেদন পেশ করেছেন।

বাইট তাপস

অন্যদিকে, সিপিআইএম ও কংগ্রেসও সাধারণ মানুষের নিরাপত্তা নিশ্চিত করার পাশাপাশি বাদ পড়া ভোটারদের বক্তব্য পেশের সুযোগ দেওয়ার কথা বলেন।

যদিও রাজ্যের মন্ত্রী চন্দ্রীমা ভট্টাচার্য্য অভিযোগ করেছেন, বৈঠকে জ্ঞানেশ কুমারের সঙ্গে তাঁর উত্তপ্ত বাক্য বিনিময় হয়েছে।

----------------

বিজেপি, মুখ্য নির্বাচন কমিশনারকে কালো পতাকা দেখানোর নিন্দা করেছে। দলের প্রাক্তন রাজ্য সভাপতি, কেন্দ্রীয় মন্ত্রী সুকান্ত মজুমদার সাংবাদিকদের প্রশ্নের উত্তরে জানিয়েছেন, ভয় দেখানো ছাড়া তৃণমূল কংগ্রেসের কাছে কোনো অস্ত্র নেই। কখনো ভোটারদের, কখনো ডব্লিউবিসিএস আধিকারিকদের কিংবা কখনো নির্বাচন কমিশনকে ভয় দেখাচ্ছে তারা। তবে ভয় পেয়ে এসআইআর প্রক্রিয়া কোনভাবেই বন্ধ হবে না বলেও তিনি মন্তব্য করেছেন।

বাইট

-----------------

পশ্চিমবঙ্গে ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধন বা এসআইআর নিয়ে নির্বাচনের কমিশনের বিরুদ্ধে দায়ের হওয়া মামলায় আজ সুপ্রিম কোর্টে ফের শুনানি হবে। এর আগে গতকাল এসআইআর নিয়ে আবারও সুপ্রীম কোর্টের দ্বারস্থ হয়েছে রাজ্য সরকার। প্রধান বিচারপতি সূর্যকান্ত ও বিচারপতি জয়মাল্য বাগচির বেঞ্চে গতকাল রাজ্যের আইনজীবী মেনকা গুরুস্বামী জানান, আগের ভোটার তালিকায় নাম থাকা সত্ত্বেও যেসব ভোটারের নাম বাদ পড়েছে তাদের বক্তব্য শোনা হোক। এর প্রেক্ষিতে প্রধান বিচারপতি জানান, ERO দের নির্দেশে আদালত হস্তক্ষেপ করতে পারেনা। বর্তমান পরিস্থিতিতে বিচারবিভাগীয় আধিকারিকদের সিদ্ধান্তের বিরুদ্ধে এ ভাবে আবেদন করা যায় না বলেও প্রধান বিচারপতি মন্তব্য করেন। আজ রাজ্যের এস আই আর সংক্রান্ত মূল মামলাটির সঙ্গেই সব পক্ষের অভিযোগ বা বক্তব্য শোনা হবে বলেও আশ্বাস দিয়েছেন প্রধান বিচারপতি।

উল্লেখ্য, পশ্চিমবঙ্গে ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধন (এসআইআর) নিয়ে সুপ্রিম কোর্টে আগে থেকেই মামলা চলছে। এর আগের নির্দেশে রাজ্যের এসয়াইয়ারের কাজ দ্রুত সম্পন্ন করতে বিচারক নিয়োগের নির্দেশ দেয় শীর্ষ আদালত। ইতিমধ্যে ৫০০ জনের বেশি বিচারক সেই কাজে নিযুক্ত হয়েছেন।এর মধ্যে ২০০ জন ঝাড়খণ্ড ও ওড়িশার বিচারককেও নিযুক্ত করা হয়েছে। আদালত তখনই জানিয়েছিল, এই বিচারবিভাগীয় আধিকারিকদের নির্দেশই সুপ্রিম কোর্টের নির্দেশ বলে গণ্য হবে। এবং রাজ্যকে তা পালন করতে হবে।

এদিকে রাজ্যের এই পদক্ষেপকে কটাক্ষ করেছেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী।

বাইট শুভেন্দু

-----------------

আজকের প্রসঙ্গের এবারের বিষয় কর্কট রোগ ও তার প্রতিরোধ। দুই পর্বের এই আলোচনায় আজ শুনবেন সারভাইকাল ক্যান্সার প্রতিরোধে ভারত সরকারের বিনামূল্যে hpv টীকা করণ কর্মসূচি। বিশিষ্ট ক্যান্সার বিশেষজ্ঞ ড শংকর নাথের সঙ্গে কথা বলেছেন কাশফিন নাহার।

আকাশবাণীর সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটির প্রথম পর্ব শুনবেন রাত ৮টায় গীতাঞ্জলি, DTH বাংলা এবং আকাশবাণী সংবাদ কলকাতা সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

-----------------

রাজ্যসভায় পশ্চিমবঙ্গ থেকে পাঁচটি আসনে জয়ী প্রার্থীদের হাতে জয়ের শংসাপত্র তুলে দেওয়া হয়েছে। নির্বাচনের পর বিনা প্রতিদ্বন্দ্বিতায় জয়ী হন তৃণমূল কংগ্রেসের বাবুল সুপ্রিয়, কোয়েল মল্লিক, রাজীব কুমার, মেনকা গুরুস্বামী এবং বিজেপি প্রার্থী রাহুল সিনহা। মেনকা গুরুস্বামী উপস্তিত না থাকায় তাঁর হয়ে মন্ত্রিসভার সদস্য অরূপ বিশ্বাস শংসাপত্র গ্রহণ করেন।

উল্লেখ্য এই পাঁচজন প্রার্থী গত পাঁচই মার্চ বিধানসভায় গিয়ে নিজেদের মনোনয়ন জমা দিয়েছিলেন।

জয়ের শংসাপত্র পাওয়ার পর বিজেপি নেতা রাহুল সিনহা জানিয়েছেন, দেশ, রাজ্য ও মানুষের প্রতি কর্তব্য পালনের অঙ্গীকার নিয়ে তিনি সংসদে যাবেন। শপথ বাক্যকে তিনি নিজের জীবনে কার্যকর করতে চান বলেও মন্তব্য করেন তিনি।

---------------

শিক্ষক নিয়োগ পদে নবম-দশমের তথ্য যাচাই ও ইন্টারভিউয়ের দিনক্ষণ এবং একাদশ-দ্বাদশের কাউন্সেলিং ও সুপারিশপত্র দেওয়ার দিনক্ষণ ঘোষণা করেছে স্কুল সার্ভিস কমিশন। এসএসসি জানিয়েছে, ২৩ মার্চ থেকে পরবর্তী দুমাস নবম-দশমের তথ্য যাচাই-এর পর ইন্টারভিউ নেওয়া হবে। এসএসসি-র আঞ্চলিক দপ্তরগুলিতে এই প্রক্রিয়া সম্পন্ন হবে। তবে তথ্য যাচাই ও ইন্টারভিউ একই দিনে হবে না। সেজন্য আলাদা দিন স্থির হয়েছে। এই বিষয়ে বিস্তারিত পরে জানানো হবে। একই ভাবে একাদশ-দ্বাদশের কাউন্সেলিং হয়ে সুপারিশপত্র দেওয়া হবে ২৪ মার্চ থেকে ৮ মে পর্যন্ত। কাউন্সেলিংয়ের পর এসএসসি-র প্রধান অফিস থেকে ঐদিনই সুপারিশপত্র দিয়ে দেওয়া হবে বলে জানান হয়েছে।

এদিকে, সুপ্রিম কোর্টের নির্দেশে ৯৫ জন স্পেশাল এডুকেটরের স্থায়ীকরণ করে সুপারিশপত্র দিচ্ছে এসএসসি। কমিশন জানিয়েছে, ১৪ এবং ১৬ মার্চ ওই ৯৫ জনকে সুপারিশপত্র দেওয়া হবে। এরা বিভিন্ন এলাকার স্কুলে বিশেষ চাহিদাসম্পন্ন পড়ুয়াদের পড়াচ্ছিলেন। যারা সুপারিশপত্র পাবেন, তাঁদের নাম এসএসসির ওয়েবসাইটে দেওয়া হয়েছে।

----------------

আর জি কর হাসপাতালে তরুণী পিজিটি চিকিৎসককে ধর্ষণ ও খুনের মামলার দ্রুত ও নিরপেক্ষ নিষ্পত্তি করতে কলকাতার হাইকোর্টের প্রধান বিচারপতি সুজয় পালকে স্মারকলিপি জমা দিয়েছে অভয়া মঞ্চ। তাদের পক্ষ থেকে ডক্টর তমনাশ চৌধুরী, ডক্টর পুণ্যব্রত গুণ আবেদনে জানিয়েছে, দীর্ঘদিন ধরেই থমকে রয়েছে অভয়া মামলা। দেড় বছর কেটে গেলেও মামলার নিষ্পত্তি সম্পন্ন হয়নি। মূল অভিযুক্ত সঞ্জয় রায়ের সাজা ঘোষণা হলেও এই ঘটনার সঙ্গে সম্পর্কিত একাধিক মামলার শুনানি হচ্ছে না। এব্যাপারে প্রধান বিচারপতির হস্তক্ষেপ চেয়ে আবেদন জানানো হয়েছে।

ডক্টর সুবর্ণ গোস্বামী জানিয়েছেন, গত ৬ মাস ধরে রাজ্যের বিভিন্ন প্রান্ত থেকে মানুষের স্বাক্ষর সংগ্রহ করা হয়েছে। বিচার ত্বরান্বিত করতে কেন্দ্র ও রাজ্য সরকারের পাশাপাশি আইন ব্যবস্থার বড় ভূমিকা রয়েছে, সেকথা জানিয়েই দেড় লক্ষ সইয়ের স্মারকলিপি পাঠানো হয়েছে সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতির কাছে। একইসঙ্গে চিঠি দেওয়া হয়েছে কলকাতা হাইকোর্টে।

----------------

আনন্দপুর থানা এলাকায় কসবা ইন্ডাস্ট্রিয়াল পার্কের জেনারেটর রুমে গতসন্ধ্যায় আগুন লাগে। এর ফলে জেনারেটর রুমটি অত্যন্ত ক্ষতিগ্রস্ত হয়েছে। তবে বড়সড় কোনো বিপদ ঘটেনি। দমকলের তিনটি ইঞ্জিন কিছুক্ষণের চেষ্টায় আগুন নিয়ন্ত্রণে আনে। কি কারণে এই অগ্নিকান্ড, তা স্পষ্ট নয়।

----------------

উত্তর ২৪ পরগনার গোবর ডাঙ্গা ষ্টেশনে সংলগ্ন বাজারে একটি খাবারের দোকানে আজ সকালে আগুন লাগে,। দমকলের দুটি গাড়িআগুন নেবানর চেষ্টা চালাচ্ছে। গ্যাস সিলিন্ডারের বিস্ফোরনের ফলে এই অগ্নিকাণদ বলে মনে করা হচ্ছে। আশপাশের দোকান গুলিতে যাতে আগুন ছড়িয়ে পড়তে না পারে দমকল কর্মীরা সেই চেষ্টা করছেন।পুলিশ আশপাশের লোকজনদেরও সরিয়ে দিচ্ছে।

----------------

পশ্চিমী ঝঞ্ঝার কারণে আজও আকাশ মেঘলা থাকার সম্ভবনা। আবহাওয়া দপ্তরের সাম্প্রতিক র‍্যাডার পর্যবেক্ষণে আগামী কয়েকঘন্টায় দুই মেদিনীপুর, ঝাড়গ্রাম, বাঁকুড়ায় হালকা থেকে মাঝারি বৃষ্টি সঙ্গে ঘন্টায় ৩০ থেকে ৪০ কিলোমিটার বেগে ঝোড়ো হাওয়া বয়ে যাওয়ার পূর্বাভাস দিয়েছে আবহাওয়া দপ্তর।

এদিকে, কলকাতায় আজ সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ২৫ দশমিক ১ ডিগ্রী সেলসিয়াস। স্বাভাবিকের থেকে যা ৩ দশমিক ৪ ডিগ্রী সেলসিয়াস। গতকাল অবশ্য সর্বোচ্চ তাপমাত্রা ছিল স্বাভাবিকের দু ডিগ্রী নীচে।

আগামীকাল থেকে আপমাত্রা ফের বাড়বে বলে জানিয়েছে আবহাওয়া দপ্তর।

---------------- ----------